**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 06-01-2026** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) মগরাহাটে নির্বাচন কমিশনের পর্যবেক্ষক সি মুরুগানের গাড়ি ঘিরে বিক্ষোভ ও সরকারি কাজে বাধা দানের ঘটনায় কমিশন, আজ বিকেলের মধ্যে রাজ্য পুলিশের DG-র কাছে রিপোর্ট তলব করেছে।

২) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন নিয়ে মুখ্যমন্ত্রীর যাবতীয় অভিযোগ কল্পনাপ্রসূত বলে বিজেপি দাবি করেছে।

৩) রাজ্য পুলিশের শীর্ষস্তরে বড়সড় রদবদল।

৪) উত্তুরে হাওয়ার দাপটে কনকনে ঠান্ডায় জবুথবু গোটা রাজ্য। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা নেমেছে ১০ দশমিক ২° সেলসিয়াসে। গত এক দশকে জানুয়ারি মাসের সর্বনিম্ন তাপমাত্রার নিরিখে কলকাতায় এই তাপমাত্রা সব থেকে কম।

৫) রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে জাতীয় স্তোত্র বন্দে মাতরম এর দেড়শো বছর পূর্তি উপলক্ষে দুদিনের কর্মসূচির আজও চলবে।

৬) বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা আজ হায়দ্রাবাদের মুখোমুখি হবে।

---

দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি মুরুগানের গাড়ি ঘিরে বিক্ষোভ এবং সরকারি কাজে বাধা দানের ঘটনায় কমিশন আজ বিকেল

পাঁচটার মধ্যে রাজ্য পুলিশের DG-র কাছে রিপোর্ট তলব করেছে। পুলিশকে রোল অবজার্ভারের সফর সূচী আগাম জানানো সত্ত্বেও কেন তিনি পর্যাপ্ত নিরাপত্তা পেলেন না, সেই প্রশ্নের উত্তর চাওয়া হয়েছে রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারের কাছে।

একইসঙ্গে নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী দিনে বিশেষ পর্যবেক্ষক বা পর্যবেক্ষকেরা যেসমস্ত সংবেদনশীল এলাকায় পরিদর্শনে যাবেন, সেখানে পর্যাপ্ত পুলিশি নিরাপত্তার বন্দোবস্ত রাখতে হবে। থাকতে হবে একজন উচ্চপদস্থ পুলিশ আধিকারিককে।

--------------------

এসআইআর প্রক্রিয়ায় ত্রুটি বিচ্যুতির সংশোধন না করলে এই প্রক্রিয়া বন্ধ করার দাবি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নির্বাচন কমিশনকে যে চিঠি দিয়েছেন, তার পাল্টা হিসাবে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি দিয়েছেন। বিরোধী দলনেতা লিখেছেন, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন নিয়ে মুখ্যমন্ত্রীর যাবতীয় অভিযোগ কল্পনা প্রসূত। এসাইআর নিয়ে ভীত হয়েই একের পর এক মিথ্যা অভিযোগ তুলেছেন মুখ্যমন্ত্রী। প্রকৃতপক্ষে এই প্রক্রিয়ার ফলে ভুয়ো, মৃত এবং অবৈধ ভোটার ধরা পড়েছে। চিহ্নিত হয়েছে অনুপ্রবেশকারীরা। এর প্রভাব পড়বে তৃণমূল কংগ্রেসের ভোট বাক্সে। বছরের পর বছর নির্বাচনে কারচুপি করে আসছে রাজ্যের শাসকদল। আগামী নির্বাচনে ভোট ব্যাঙ্কে ভাটা পড়ার আশঙ্কা থেকেই মুখ্যমন্ত্রী একের পর এক অসত্য বাখ্যা দিয়ে চলেছেন বলে চিঠিতে শ্রী অধিকারী উল্লেখ করেছেন।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যও, এসআইআর প্রক্রিয়া নিয়ে মুখ্য নির্বাচন কমিশনারকে লেখা মুখ্যমন্ত্রীর চিঠিকে নিতান্তই অমূলক বলে মন্তব্য করেছেন।

সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, এসআইআর-এর প্রকৃত উদ্দেশ্য নাগরিকদের ভোটাধিকার রক্ষা করা।

উল্লেখ্য, এসআইআর প্রক্রিয়া পরিকল্পনাহীন, ত্রুটিপূর্ণ ও প্রশাসনিক গাফিলতিতে ভরা বলে অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গত শনিবার নির্বাচন কমিশনকে চিঠি দেন। দীর্ঘ চার পাতার ঐ চিঠিতে তিনি বেশ কিছু বিষয় উল্লেখ করে তা' অবিলম্বে সংশোধনের জন্য'ও বলেন। এসআইআর নিয়ে খুব শীঘ্রই শীর্ষ আদালতের দ্বারস্থ হবেন বলে মুখ্যমন্ত্রী জানান।

--------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের পশ্চিমবঙ্গ সফরের পর রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য্য ও প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ আজ এক যৌথ সমাবেশ করতে চলেছেন। রাজ্যে পরিবর্তনের ডাক দেওয়ার লক্ষ্যে আয়োজিত ঐ সভার নাম দেওয়া হয়েছে পরিবর্তন সভা। রানাঘাটের কুপার্স ক্যাম্প ও ব্যারাকপুরের এই দুই সভায় বর্তমান শাসকদলকে অপসারিত করে বিজেপিকে রাজ্যে ক্ষমতায় আনতে বিভিন্ন পন্থা পদ্ধতি গ্রহণের ওপর বিশেষ জোর দেওয়া হবে বলে মনে করা হচ্ছে।

--------------------

পুরুলিয়ার বাঘমুন্ডিতে গতকাল বিজেপির পরিবর্তন সংকল্প সভার আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী , বিজেপি নেতা সুকান্ত মজুমদার, পুরুলিয়ার সাংসদ, দলের রাজ্য সাধারণ সম্পাদক জ্যোতির্ময় সিং মাহাত এবং বিজেপির জেলা নেতৃত্ব। সভা শেষে সুকান্ত বাবু, সাংবাদিকদের কাছে একাধিক ইস্যুতে রাজ্য সরকার ও তৃণমূল কংগ্রেসকে কড়া ভাষায় নিন্দা করেন। ভোটার তালিকা থেকে নাম বাদ পড়া নিয়ে বিস্ফোরক অভিযোগ তুলে তিনি দাবি করেন, ৫৪ লক্ষ নাম

বাদ দেওয়া হয়েছে। ভোটার তালিকায় এআই ব্যবহার নিয়ে বিভিন্ন অভিযোগ সম্পর্কে সুকান্তবাবু বলেন,

বাইট

সাধারণ মানুষকে নিজের নাম ভোটার তালিকায় আছে কি না তা যাচাই করে দেখার আহ্বান জানিয়ে তিনি বলেন যে এটি নাগরিক অধিকার।

-------------------

রাজ্য পুলিশের শীর্ষস্তরে বড়সড় রদবদল করা হয়েছে। আইপিএস ও ডব্লিউবিপিএস ক্যাডারের মোট ছাব্বিশ জন আধিকারিককে একসঙ্গে বদলি ও নতুন দায়িত্বে বসানো হয়েছে । স্বরাষ্ট্র দফতরের পুলিশ সার্ভিস সেলের জারি করা এক বিজ্ঞপ্তিতে গতকাল জানানো হয় , মেদিনীপুর রেঞ্জের ডিআইজি অনুপ জয়সওয়ালকে রাজ্য সিআইডি-র আইজিপি পদে নিয়োগ করা হয়েছে। একই সঙ্গে অরিজিৎ সিনহাকে মেদিনীপুর রেঞ্জের ডিআইজি পদে বহাল রাখা হয়েছে এবং তাঁর উপর জঙ্গলমহল ব্যাটালিয়নের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। কালিম্পংয়ের পুলিশ সুপার শ্রীহরি পাণ্ডেকে উত্তরবঙ্গ গোয়েন্দা বিভাগের ডিআইজি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

এদিকে, হাওড়া, বিধাননগর, ব্যারাকপুর, চন্দননগর, আসানসোল–দুর্গাপুর, শিলিগুড়ি-সহ একাধিক পুলিশ কমিশনারেট ও জেলায় ডেপুটি কমিশনার ও অতিরিক্ত পুলিশ সুপার স্তরে রদবদল করা হয়েছে। হাওড়া পুলিশ কমিশনারেটের কেন্দ্রীয় বিভাগ, সদর দফতর ও ট্রাফিক শাখায় একাধিক আধিকারিককে নতুন নিয়োগ হয়েছে। বিধাননগর পুলিশ কমিশনারেটেও গোয়েন্দা ও ট্রাফিক বিভাগেও দায়িত্ব বদল করা হয়েছে।

--------------------

২০২৫ সালে কর থেকে আইন সংস্কার এসেছে বহু ক্ষেত্রে। গত ১৫ ই আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারতের জন্য আইন পুনর্গঠনের প্রয়োজনীয়তার বিষয় যে আহ্বান জানিয়েছিলেন তা প্রতিফলিত হয়েছে এই সংস্কার গুলিতে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা অযোধ্যা থেকে ইউনেস্কো। আইনজীবী দেবজিত সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

উত্তুরে হাওয়ার দাপটে কনকনে ঠান্ডায় জবুথবু গোটা রাজ্য। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা নেমেছে ১০ দশমিক ২° সেলসিয়াসে। স্বাভাবিকের থেকে যা ৩ দশমিক ৭ ডিগ্রি কম। গত এক দশকে জানুয়ারি মাসের সর্বনিম্ন তাপমাত্রার নিরিখে কলকাতায় এই তাপমাত্রা সব থেকে কম। এর আগে ২০১৮ সালে ডিসেম্বর মাসে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১০.৬ ডিগ্রি সেলসিয়াস।

কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে প্রায় সাত ডিগ্রী কম, ১৮ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। জানুয়ারি মাসে সর্বোচ্চ তাপমাত্রা কম হওয়ার

নিরিখেও এটিও এক রেকর্ড। চলতি মরশুমে এই নিয়ে দ্বিতীয় বার সর্বোচ্চ তাপমাত্রা এতটা নীচে নামলো। এর আগে গত ২৯ শে ডিসেম্বর সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ দশমিক ৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ২ ডিগ্রি কম।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, আগামী ২-৩ দিনে তাপমাত্রা আরো কিছুটা কমতে পারে। আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গের ন্যূনতম তাপমাত্রা, স্বাভাবিকের তুলনায় চার থেকে পাঁচ ডিগ্রি এবং উত্তরবঙ্গে চার থেকে ছয় ডিগ্রি কম থাকতে পারে।

দার্জিলিংয়ে আজ ও আগামীকাল হালকা বৃষ্টি ও তুষারপাত এবং কালিম্পং-এ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

বাইট

উল্লেখ্য, গতকালই দার্জিলিং পাহাড়ী এলাকায় তাপমাত্রা নেমে যায় দেড় ডিগ্রী সেলসিয়াসে, যা ওই এলাকায় এই মরশুমের সব থেকে কম।

--------------------

আলিয়া বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের উদ্যোগে পাঁচদিন ব্যাপী 'প্রাকৃতিক উপায়ে বন্যা নিয়ন্ত্রণ' শীর্ষক এক বিশেষ আন্তর্জাতিক কর্মশিবিরের সূচনা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পার্ক সার্কাস ক্যাম্পাসে গতকাল এই অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড: রফিকুল ইসলাম বন্যার প্রাথমিক কারণ হিসাবে অনিয়মিত বৃষ্টির কথা উল্লেখ করে বলেন, বৃষ্টিপাত নিয়ন্ত্রণ অসম্ভব হলেও বন্যার ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা পাওয়া সম্ভব।

উপস্থিত ছিলেন রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান কল্যাণ রুদ্র। তিনি বলেন, অবস্থানগত দিক থেকে বাংলা বন্যাপ্রবণ। তবে এবার প্রাকৃতিক উপায়ে বন্যা পরিস্থিতি মোকাবিলার চিন্তা করা হচ্ছে।

বাইট

ম্যাঞ্চেস্টার বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ড: জো রাভেটজ (Joe Ravetz), হোক্কাইডো বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ড: রাম অবতার সহ বিশিষ্ট জনেরা এতে উপস্থিত ছিলেন।

--------------------

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে জাতীয় স্তোত্র বন্দে মাতরম এর দেড়শো বছর পূর্তি উপলক্ষে দুদিনের কর্মসূচি আজও চলবে। এর অঙ্গ হিসাবে গতকাল প্রথম দিনে বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়ের পৈতৃক ভিটে নৈহাটি, চুঁচুড়ার বঙ্কিম ভবন এবং প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় থেকে তিনটি বাইক মিছিল জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে পৌঁছয়। সেখানে রাজ্যপাল তাঁদের স্বাগত জানান। তারপর অখণ্ড জ্যোতি প্রজ্বলন করে তিনি বলেন, বন্দে মাতরম শুধু গান নয়, তা ভারতের জাতীয়তাবাদের আত্মা। এই স্তোত্র দেশের প্রতি ভক্তি, আবেগ ও জাতীয় চেতনাকে জাগ্রত করেছে। বন্দেমাতরমের জন্মভূমিতেই সার্ধ শতবর্ষের এই অনুষ্ঠানের শরিক হতে পেরে তিনি গর্বিত বলেও রাজ্যপাল উল্লেখ করেন।

পরে ভারতীয় জাদুঘর থেকে ভিক্টোরিয়া মেমোরিয়াল পর্যন্ত এক বর্ণাঢ্য পদযাত্রাতেও অংশ নেন রাজ্যপাল। সেখানে প্রখ্যাত শিল্পীদের নিয়ে একটি সংস্কৃতিক

অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী কৈলাশ খের। রাজ্যপাল তাঁকে গর্ভনর অ্যাওয়ার্ডস অফ এক্সেলেন্সে ভূষিত করেন।

--------------------

বিজয় হাজারে ট্রফি ক্রিকেট ম্যাচে বাংলা আজ হায়দ্রাবাদের মুখোমুখি হবে। রাজকোটের সৌরাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে খেলা শুরু হবে সকাল নয়টায়। উল্লেখ্য, বাংলা ৫ ম্যাচে ১৬ পয়েন্ট সংগ্রহ করে এলিট বি গ্রুপের তৃতীয় স্থানে রয়েছে। কোয়ার্টার ফাইনালে যাওয়ার জন্য আজকের ম্যাচ তাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সমসংখ্যক ম্যাচ খেলে ৪ পয়েন্ট সংগ্রহ করে হায়দ্রাবাদ গ্রুপে সপ্তম স্থানে রয়েছে। কোয়ার্টার ফাইনালে খেলার কোনো সম্ভাবনা তাদের নেই।

-------------------- --------------------